দৈনিক
ইত্তেফাক

তারিখ ...19 DEC 2016...
পৃষ্ঠা ...৪... কলাম ...৫...

# মাদ্রাসা বোর্ডের ৪টি বইয়ের ডিজিটাল ভার্সন প্রকাশ

■ ইত্তেফাক রিপোর্ট

আগামী শিক্ষাবর্ষ থেকে দাখিল ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থীরা ই-লার্নিং সুবিধা গ্রহণ করতে পারবে। শিক্ষার্থীরা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে বই বা কনটেন্ট বিনামূল্যে ডাউনলোড করে পড়তে পারবে। গতকাল শনিবার মাদ্রাসা বোর্ডের ৬ষ্ঠ শ্রেণির ৪টি টেক্সট বই-কুরআন মজিদ, আকাইদ ও ফিকাহ এবং আরবি প্রথম ও দ্বিতীয় পত্রের ডিজিটাল ভার্সন প্রকাশ করা হয়। এ চারটি বই এখন অনলাইন বা অফলাইন সুবিধা নিয়ে ইলেকট্রনিক বিভিন্ন মাধ্যমে, যেমন-কম্পিউটার, ট্যাব বা মোবাইল ফোনে পড়া যাবে। শিক্ষার্থীদের সুবিধার জন্য বইগুলোতে প্রয়োজনীয় শব্দের অর্থ, বাস্তব উদাহরণ এবং ছবি ও ভিডিও সংযোজন করা হয়েছে।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ রাজধানীর সেগুন বাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে 'ইন্টার-অ্যাকটিভ ডিজিটাল মাদ্রাসা টেক্সটবুক' (আইডিএমটি)-এর উদ্বোধন করেন। অনুষ্ঠানে মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক একেএম ছায়েফ উল্যা বলেন, 'সেসিপ-এর (সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম) আর্থিক সহযোগিতায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের কারিগরি সহযোগিতায় এ চারটি বই প্রণয়ন করা হয়েছে। সুললিত কণ্ঠে কুরআন মজিদের তেলাওয়াত এবং গুরুত্বপূর্ণ আরবি অংশের অডিও সংযুক্ত করা হয়েছে এতে। লিঙ্ক ও হাইপার লিঙ্ক দেওয়ার মাধ্যমে বইকে জীবন্ত করে তোলা হয়েছে।

অনুষ্ঠানে বুয়েটের কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) অনুষদের ডিন প্রফেসর ড. এম কায়কোবাদ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব এ কে এম জাকির হোসেন ভূঞা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. এস এম ওয়াহিদুজ্জামান, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. বিল্লাল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।